নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ বিজ্ঞপ্তি/২১৯৮ ০৮ জুলাই ২০২৫

**সংবাদ বিজ্ঞপ্তি**

# নোবিপ্রবিতে ফলিত গণিত বিভাগের ১০ম ব্যাচের বিদায় অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ফলিত গণিত বিভাগের ১০ম ব্যাচের বিদায় অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে আজ মঙ্গলবার (০৮ জুলাই ২০২৫) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ জামাল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, জীব বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, ফলিত গণিত বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ নিজাম উদ্দিন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বিশ্ববিদ্যালয়ের সীমাবদ্ধতা ও সংকটগুলোকে চ্যালেঞ্জ হিসেবে নিয়ে যে রিসোর্সসমূহ রয়েছে তার সুষম ব্যবহার করে মানসম্মত শিক্ষা নিশ্চিত করার প্রত্যয় ব্যক্ত করেন। এ সময় বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশে উপাচার্য বলেন, গ্র্যাজুয়েশন পরবর্তী সময়ে আপনাকে অনেক বেশি চ্যালেঞ্জের সম্মুখীন হতে হবে। এ ঝুঁকিসমূহ মোকাবিলা করে নিজ উদ্যোগে তা নিরসনের মাধ্যমে সামনে এগিয়ে যেতে হবে, যেনো আত্মপরিচয় সংকটে পড়তে না হয়। গ্র্যাজুয়েশন পরবর্তী এ সংকট যতো দ্রুত উত্তরণ করা যাবে জীবনে সফলতাও ততো বৃদ্ধি পাবে।

পরে বিদায়ী শিক্ষার্থীদের মাঝে শুভেচ্ছা স্মারক তুলে দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪